



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১০২

তারিখ: ২ ভাদ্র ১৪২৮

১৭ আগস্ট ২০২১

বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত (মেধা ও সাধারণ কোটা এবং বিভিন্ন সম্প্রদায়ের উপবৃত্তি ও পেশামূলক বৃত্তি) বৃত্তিপ্ৰাপ্ত কিছু শিক্ষার্থীর MIS Software এ ভুল তথ্য এন্ট্রির কারণে বৃত্তির অর্থ না পাওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০১৯- ২০২০ অর্থবছর হতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় থেকে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে ২০১৯- ২০২০ অর্থবছর হতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের SPFMSP প্রকল্পের MIS Software এর সহায়তায় বৃত্তির অর্থ শিক্ষার্থীর ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। বৈশ্বিক অতিমারির কারণে ২০২০ সালের মার্চ মাস থেকে অদ্যাবধি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকা সত্ত্বেও প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় ২০১৯ -২০২০ অর্থ বছরে ১২৪২৪৮ জন শিক্ষার্থীকে ৩৫,২৯,৫২,৮৭০ টাকা এবং ২০২০-২০২১ অর্থ বছরে শিক্ষা প্রতিষ্ঠান হতে MIS সফটওয়্যারে সঠিকভাবে এন্ট্রিকৃত ৪,৮৮,৫৪৪ জন শিক্ষার্থীর ব্যাংক হিসাবে ২৩৮,০৮,২৫,০৪০ টাকা প্রেরণ করা হয়েছে। কিন্তু MIS Software এ এন্ট্রিকৃত বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের তথ্য যাচাই করে দেখা যায়, কিছু শিক্ষার্থীর Bank Account নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর, বৃত্তির ধরণ, পাশের সন, অধ্যয়নরত শ্রেণি, পিতা/ মাতার NID নম্বর, একই শিক্ষার্থীর তথ্য একাধিকবার এন্ট্রি করা ইত্যাদি প্রকার ভুল তথ্য প্রতিষ্ঠান থেকে MIS Software এ এন্ট্রি হয়েছে। আবার কিছু শিক্ষার্থীর তথ্য সঠিক থাকলেও শিক্ষার্থীর ব্যাংক হিসাব Dormant/Active না থাকায় প্রেরিত টাকা Bounced back হয়েছে। এসব ভুল তথ্যের কারণে বৃত্তিপ্ৰাপ্ত কিছু শিক্ষার্থীর বৃত্তির অর্থ তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হয়নি। উল্লেখ্য, বর্তমানে মাউশি অধিদপ্তরের নিজস্ব MIS Software develop এর কাজ চলমান থাকায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্ৰাপ্ত (মেধা ও সাধারণ কোটা এবং বিভিন্ন সম্প্রদায়/শ্রেণির উপবৃত্তি ও পেশামূলক বৃত্তি) শিক্ষার্থীদের নতুন তথ্য এন্ট্রি ও ভুল তথ্য সংশোধন সংক্রান্ত সকল কাজ সাময়িকভাবে বন্ধ আছে। বর্গিতাবস্থায়, MIS Software-এর ডেভেলপমেন্ট কার্যক্রম শেষ হলে পুনরায় তথ্য এন্ট্রি ও ভুল সংশোধনের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে। যে সকল শিক্ষার্থী বৃত্তির টাকা পায়নি প্রতিষ্ঠান হতে ভুল তথ্য সংশোধন সাপেক্ষে পরবর্তীতে বিধি মোতাবেক তাদের ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ করা হবে।

১৭-৮-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ :

১) সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন)

সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের
অনুরোধসহ)

- ২) রেজিষ্টার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল
বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
- ৩) অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারিসকল)
- ৪) অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ
- ৫) অধ্যক্ষ, (সকল সরকারি/বেসরকারি কলেজ)
- ৬) প্রধান শিক্ষক , (সকল সরকারি ও বেসরকারি নিম্ন
মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১০২/১

তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
- ৪) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় /
কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
- ৫) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৬) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৭) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান
প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
- ৯) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ১০) নির্বাহী পরিচালক, SPFMSP প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
- ১১) উপপরিচালক, (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর [“মাধ্যমিক ও
উচ্চশিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত (মেধা ও সাধারণ কোটা এবং উপবৃত্তি ও পেশা মূলক বৃত্তি) বৃত্তিপ্রাপ্ত
কিছুসংখ্যক শিক্ষার্থীর MIS software এ ভুল তথ্য এন্ট্রির কারণে বৃত্তির অর্থ না পাওয়া প্রসঙ্গে”] -
শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং সফলে প্রকাশের অনুরোধসহ।
- ১৩) জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), [আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের
অনুরোধসহ]
- ১৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), [আওতাধীন সংশ্লিষ্ট সকল
প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ]
- ১৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

১৭-৮-২০২১

মোঃ নুরুল ইসলাম চৌধুরী
উপ-পরিচালক (একিউএইউ)